# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭১৩

১৩. কিতাবুল হজ্ব (كتاب الحج)

পরিচ্ছেদঃ মক্কা বিজয়ের দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নির্দেশে ইবনু খতলকে হত্যা করা হয় মর্মে বর্ণনা

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ ابْنَ خَطَلٍ قُتِلَ فِي ذَلِكَ الْيَوْمِ لَمَّا أَمَرَ الْمُصْطَفَى صلى الله عليه وسلم بِقَتْلِهِ

আরবী

3713 ـ أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْحَلَبِيُّ بِدِمَشْقَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ السَّلَامِ بْنُ إِسْمَاعِيلَ الدِّمَشْقِيُّ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ قَالَ: حَدَّثَنَا مالك بن أنس عن الزهري عَنْ أَنَسٍ قَالَ: دَخَلَ النَّبِيُّ صلى الله عليه وسلم مَكَّةَ يَوْمَ الْفَتْحِ وَعَلَى رَأْسِهِ المِغْفَرُ وَإِنَّهُمْ قَالُوا: يَا رَسُولَ اللَّهِ ابْنُ خَطَلٍ مُتَعَلِّقٌ بأستار الكعبة؟ فقال: (اقتلوه) فقُتِلَ
الراوي : أَنَس | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3713 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2406): ق.

বাংলা

৩৭১৩. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় প্রবেশ করেন, এসময় তাঁর মাথায় শিরস্ত্রাণ ছিল। সাহাবীগণ তাঁকে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ইবনু খতল, কা‘বার গিলাফ ধরে ঝুলে আছে!” তখন তিনি বলেন, “তাকে হত্যা করো।” অতঃপর তাকে হত্যা করা হয়।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৪২৩; সহীহুল বুখারী: ৫৮০৮; আবূ দাঊদ: ২৬৮৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১৪/৪৯২; দারেমী: ২/৭৩-৭৪; হুমাইদী: ১২১২; মুসনাদ আহমাদ: ৩/১০৯; সহীহ মুসলিম: ১৩৫৭; ইবনু মাজাহ:

২৮০৫; সুনান বাইহাকী: ৭/৫৯; বাগাবী: ২০০৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১৭৭৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=93050

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন